# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৭৪

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮৩. তাশাহুদের সময় ইশারা করা

بَاب الْإِشَارَةِ فِي التَّشَهُّدِ

---

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ عَنْ ابْنِ عَجْلَانَ عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ عَنْ أَبِيهِ قَالَ رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْعُو هَكَذَا فِي الصَّلَاةِ وَأَشَارَ ابْنُ عُيَيْنَةَ بِأُصْبُعِهِ وَأَشَارَ أَبُو الْوَلِيدِ بِالسَّبَّاحَةِ

বাংলা

১৩৭৪. আব্দুল্লাহ ইবনু যুবাইর এর পিতা (যুবাইর) রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, তিনি সালাতে এভাবে দু’আ করতেন।’ (এটি বর্ণনার সময় বর্ণনাকারী) ইবনু উয়াইনাহ তার আঙ্গুল দ্বারা ইশারা করলেন। আর (অপর বর্ণনাকারী) আবীল ওয়লীদ তর্জনী আঙ্গুল দ্বারা ইশারা করে দেখালেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান, ইবনু ইজলানের কারণে। ((তবে হাদীসটি সহীহ যা মুসলিমে বর্ণিত হয়েছে- অনুবাদক))

তাখরীজ: মুসলিম ৫৭৯। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬৮০৬, ৬৮০৭; সহীহ ইবনু হিব্বান নং ১৯৪৩, ১৯৪৪ ও মুসনাদুল হুমাইদী নং ৯০৩ তে। আঙ্গুল নাড়ানো জন্য দেখুন, মুসনাদুল মাউসিলী নং ৫৭৬৭ ও মুসনাদুল হুমাইদী নং ৬৬২, ৬৬৩। সেটিই পরের হাদীসটি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু-যুবায়র (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81657

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন